



বাংলাদেশ
জনপ্রকৃতি
Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.mohpw.gov.bd



স্মারক নং- ২৫.০০.০০০০.৫৩.৮৮.০০২.২১ - ৮১৮

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ।
২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ই-গভর্নেন্স ও উত্তোলন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় এ মন্ত্রণালয়ের আওতাভুক্ত "প্লট/ফ্ল্যাটের মালিকগণ কর্তৃক নিযুক্ত আমমোক্তারনামা দলিল মন্ত্রণালয় কর্তৃক গ্রহণ" - সেবাটি সহজিকরণ করা হয়েছে।

০২। বর্ণিত সেবাটি সহজিকরণ করে সম্পূর্ণ অনলাইন ভিত্তিক একটি Software প্রস্তুত করা হয়েছে। এর ফলে পূর্বের সেবা প্রদান প্রক্রিয়া অনুযায়ী ৪০টি ধাপ থেকে কমে সেবাটি ০৮টি ধাপে প্রদান করা সম্ভবপর হচ্ছে। ফলশ্রুতিতে পূর্বের সেবা প্রদান প্রক্রিয়ায় প্রয়োজনীয় সময়, খরচ ও যাতায়াত যথাক্রমে ৭০ দিন, ১০০০ টাকা ও ২ বার থেকে কমে ২২ দিন, ৫০০ টাকা ও ১ বার হয়েছে। সেবা প্রদানে পূর্বে ১৪ জন জনবল প্রয়োজন হতো যা এখন সহজিকরণের ফলে কমে ০৫ জন প্রয়োজন হবে।

০৩। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাভুক্ত "প্লট/ফ্ল্যাটের মালিকগণ কর্তৃক নিযুক্ত আমমোক্তারনামা দলিল মন্ত্রণালয় কর্তৃক গ্রহণ" সেবাটি প্রাপ্তির জন্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে গিয়ে অভ্যন্তরীণ ই-সেবার নিচে "Acceptance of Power of Attorney Deed" - এই লিংকে ক্লিক করতে হবে। সেখানে গিয়ে আবেদনকারীগণ প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে অনলাইনে আবেদন করতে পারবেন। অনলাইনে প্রাপ্ত সঠিক আবেদনসমূহ যাচাই-বাছাই ও প্রক্রিয়াকরণ শেষে আবেদনকারীকে অনলাইনে পত্র ইস্যু করা হবে।

০৪। এমতাবস্থায়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে উক্ত অনলাইন Software-টি ব্যবহার করে সহজকৃত পদ্ধতিতে সেবাটি প্রদান এবং সেবাগ্রহীতাদেরকে এ বিষয়ে যথাযথভাবে অবহিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

Mihir ২৪/০২/২০২২
(মিহির কাণ্ডি সরকার)
সিস্টেম এনালিস্ট
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ফোনঃ ০২-৯৫৪৫২১৪
ই-মেইলঃ mihircsel@gmail.com

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমাগুস্তারে নয়):

১. অতিঃ সচিব (সকল) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (সকল) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (সকল) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৬. সিমিয়র সহকারী সচিব (সকল) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী সচিব (সকল) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৯. প্রশাসনিক কর্মকর্তা (সকল) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
১০. ব্যক্তিগত কর্মকর্তা (সকল) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
১১. অফিস কপি/মাস্টার ফাইল।